# বিদেশের কেন্দ্রে ৯২.২৮ শতাংশ পাস করেছে

নিজস্ব প্রতিবেদক

২০ জুলাই ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

এইচএসসি ও সমমান পরীক্ষায় এবার বিদেশ কেন্দ্রে ৯২ দশমিক ২৮ শতাংশ শিক্ষার্থী পাস করেছেন। বিদেশের সাতটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২৮৫ শিক্ষার্থী উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশ নিয়েছিলেন এবার। তাদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ২৬৩ জন, জিপিএ-৫ পেয়েছেন ১৬ জন।